জীবননগরে শিকড় সমাজ কল্যাণ সংস্থার উদ্যোগে নানা কর্মসূচি বাস্তবায়ন

আবারও চকম লাগালেন জীবননগরে সেচ্ছাসেবী সংগঠন শিকড় সমাজ কল্যাণ সংস্থার উদ্যোগে পরিস্কার,পরিছন্ন মডেল সাওতাল পল্লী ঘোষনা করে।

শনিবার শিকড় সমাজ কল্যাণ সংস্থার আয়োজনে সকাল থেকে সন্ধা পর্যন্ত জীবননগর উপজেলার বাঁকা ইউনিয়নের পাথিলা নারিকেল বাগান সাওতাল পল্লী পরিস্কার পরিছন্ন করা, বাল্য বিবাহ প্রতিরোধে সংগঠনের সদস্যদের উদ্যোগে সচেতনামূলক নাটক, বৃক্ষ রোপন, বাঁশের তৈরি ডাস্টবিন সহ নানা ধরনের কার্যক্রম অনুষ্ঠিত হয়।

পরবতীতে সাওতাল পল্লী সদস্যদের নিয়ে বাড়ি ঘর পরিস্কার পরিছন্নতা প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

সেচ্ছাসেবী সংগঠন শিকড় সমাজ কল্যাণ সংস্থার জীবননগর উপজেলা শাখার সভাপতি তুহিনুজ্জামানের সভাপতিত্বে পরিস্কার-পরিছন্ন প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে পুরস্কার তুলেদেন জীবননগর উপজেলা নির্বাহী অফিসার এস এম মুনিম লিংকন।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, জীবননগর থানার ভারপ্রাপ্ত কমকর্তা ওসি সাইফুল ইসলাম, উপজেলা জনস্বাস্থ্ অধিদপ্তরের সহকারী প্রকৌশলী রাজিব হোসেন, শিক্ড় সমাজ কল্যাণ সংস্থার চুয়াডাঙ্গা জেলা সভাপতি সাব্বির সামি মুহিত, সহ-সভাপতি চাষী রমজান, সদস্য হোসাইন আহম্মেদ, ইয়ুথ এ্যাসেম্বলীর এর জীবননগর উপজেলা সমন্বয়কারী আসাদুজ্জামান লিটনসহ উপস্থিত ছিলেন, শিকড় সমাজ কল্যাণ সংস্থার সাধারণ সম্পাদক লাবনী, নিশান, কবির আল চপল, রমজান আলী, সাদিয়া, রিয়াজ স্বণা, মিম, জাহিদ, ফরহাদ, বাপ্পি, হাসান, শিলা, ওমর আলী, মুন, সোহাগ, আব্দুল্লাহ, শাকিল, আঃ রহিম প্রমুখ।

অনুষ্ঠানটি সাবিক পরিচালনা করেন শিকড় সমাজ কল্যাণ সংস্থার চুয়াডাঙ্গা জেলার সাধারণ সম্পাদক মিঠুন মাহমুদ

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

এরপরে গাড়িটি বিক্রি হলে ক্রেতা ও বিক্রেতা মিলে গুনতে হয় ১ হাজার টাকা খাজনা। পুরাতন মোটরসাইকেলের হাট চালু হওয়ার কারণে ক্রেতা ও বিক্রেতা উভয়ই সুবিধা ভোগ করছেন আলমডাঙ্গার এই পুরাতন মোটরসাইকেলের হাটের।

ছেলের অত্যাচারে নিজের বাড়িতে ঢুকতে পারছেন না মা

চুয়াডাঙ্গা শহরের দক্ষিণ হাসপাতাল পাড়ার সুলতানা রাজিয়া নিজের বাড়ি ফিরতে পারছেন না। কুলঙ্গার ছেলে সুলতান আহম্মেদ নিজের মাকে বাড়ি ছাড়া করেছেন। মা এখন মেয়ের বাড়ি সদর উপজেলার হিজলগাড়িতে বসবাস করছেন। এ ব্যাপারে আদালতে ও থানায় পৃথক মামলা দায়ের করা হয়েছে।

চুয়াডাঙ্গা শহরের দক্ষিণ হাসপাতাল পাড়ার মৃত হারুন অর রশিদের স্ত্রী সুলতানা রাজিয়া তাঁর পুত্র সুলতান আহম্মেদের বিরুদ্ধে চুয়াডাঙ্গা আমলী আদালতে গত ১১ অক্টোবর মামলা দায়ের করেন। মামলায় বলা হয়েছে, গত ১০ অক্টোবর মামলার বাদীনির পুত্র সুলতান আহম্মেদ তার মাকে মারধোর করেন এবং ঘরে থাকা প্রায় তিন লাখ টাকার বিভিন্ন সামগ্রী অন্যত্র বিক্রি করে দেন।

চুয়াডাঙ্গা আমলী আদালতে দায়ের করা এ মামলায় আসামি সুলতান আহম্মেদের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানার আদেশ দেন আদালতের বিচারক সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট সাজেদুর রহমান। ওই মামলায় গত ১৮ অক্টোবর পুলিশ সুলতান আহম্মেদকে গ্রেপ্তার করে। পরদিন ১৯ অক্টোবর আদালত থেকে সুলতান আহম্মেদ জামিনে মুক্ত হন।

জামিনে মুক্ত হওয়ার তিনদিন পর সুলতান আহম্মেদ বাড়ির ভেতরে থাকা অনুমান এক লাখ টাকার বিভিন্ন ধরণের ফলজ গাছ কেটে বিক্রি করে দেন। এ বিষয়েও গতকাল শুক্রবার থানায় পৃথক মামলা দায়ের করা হয়েছে। থানায় মামলা করেছেন সুলতান আহম্মেদের বোন লাইলা বানু।

লাইলা বানু বলেন, আমার মায়ের তিন পুত্র সন্তান। এর মধ্যে মা

সুলতান আহম্মেদকে ১০ লাখ টাকা দিয়েছেন। সুলতান ঢাকায় বাড়ি করেছেন। তার নিজের বাড়ি থাকা সত্ত্বেও চুয়াডাঙ্গা শহরের দক্ষিণ হাসপাতালপাড়ার বাড়ি থেকে মাকে বিতারিত করতে চান। সেজন্য সুলতান জোর করে বাড়িতে ঢুকে পড়েন। জোর করে বাড়ি দখল ছাড়াও সুলতান তার মা ও ভাইবোনদের নানাভাবে অত্যাচার শুরু করেন। নিরুপায় মাকে এখন বসবাস করতে হচ্ছে মেয়ের বাড়িতে।

জোর করে বাড়ি দখল করার পর থেকে সুলতান বাড়ির বিভিন্ন ফলজ গাছপালা কেটে বিক্রি করে দিচ্ছেন। সুলতান আহম্মেদের বোন লাইলা বানু বলেন, চুয়াডাঙ্গার দক্ষিণ হাসপাতালপাড়ার বাড়িতে আমার পিতা তার জীবদ্দশায় আম, লিচু, কাঠালসহ বিভিন্ন ধরণের গাছ রোপন করেন। সেই গাছ এখন বড় হয়েছে। কয়েকদিন ধরে সুলতান বাড়ির সেইসব গাছপালা কেটে বিক্রি করে দিচ্ছে। এভাবে সুলতান অন্তত এক লাখ টাকার গাছপালা বিক্রি করে দিয়েছে।

দর্শনায় বাদীকে ফাঁসাতে বিবাদীর পাল্টা মামলা

দর্শনা রিফুজি কলনীর ভ্যান চালক আজগার আলী বাবু ছেলে মেয়ে সংসার চালাতে চরম বিপাকে পড়েছে। পরিবার নিয়ে মানবেতর জীবন যাপন করছেন।

গত ১১ অক্টোবর, রবিবার সকাল ৭টার সময় পরাণপুর মাঝ পাড়ার সিদ্দিকের দোকানের সামনে ভ্যান নিয়ে বসে ছিল। এসময় মৃত নিয়ামত আলীর দোকানদার সিদ্দিক ভ্যান চালক আজগার আলী বাবুকে বলেনে আমার ছেলেকে প্রায়ভেট পড়তে যাবে ভ্যানে করে দিয়ে এসো।

তখন ভ্যান চালক বাবু বলেন, আর একটা বাচ্চা সে আমার রিজার্ভ আছে। ওই বাচ্চাটা এলে দুইজনকে নিয়ে যাচ্ছি। এসময় সিদ্দিক বলেন, আমার ছেলেকে আগে দিয়ে আসেন। ভ্যান চালক বাবু বলেন ৫মিনিট অপেক্ষা করো। এ কথা শুনে সিদ্দিক ক্ষিপ্ত হয়ে দোকানের পাশে লেবারদের কোদাল তুলে ভ্যান চালক বাবুর মাথায় কোপ বসিয়ে দেয়।

এসময় কোদালের আঘাতটি প্রথমে দোকানের টিনের চালে লেগে ভ্যান

চালক বাবুর মুখের উপর লেগে ঠোট কেটে সামনের দুইটি দাঁত ভেঙ্গে রক্তাক্ত জখম হয়। এসময় স্থানীয় লোকজন তাকে উদ্ধার করে দামুড়হুদা চিৎলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন।

চিৎলা হাসপাতালে ৩দিন ভর্তি থেকে চিকিৎসা নেওয়ার পর গত ১৪ অক্টোবর, ২০২০ তারিখে চুয়াডাঙ্গা আমলী অদালতে একটি মামলা দায়ের করেন। এ ঘটনার পর চায়ের দোকান সিদ্দিক মামলা তুলে নিতে বিভিন্ন হুমকি ধামকি দিচ্ছে মামলা তুলে নিয়ে।

এছাড়া ২০ হাজার টাকা নিয়ে বাদীকে মামলা তুলে নেওয়ার জন্য বিভিন্ন লোক মারফত জানান বলে বাবুর পরিবার প্রতিনিধিকে জানান।

এতে রাজি না হওয়ায় সিদ্দিক উল্টো আজগার আলী বাবুর বিরুদ্ধে ১৮/১০/২০২০ তারিখে একটি মিথ্যা মামলা করে হয়রানী করছে বলে জানা গেছে। ফলে বাবুর পরিবার আতংকে দিন কাটাচ্ছে। এ বিষয় সিদ্দিকের সাথে মোবাইল ফোনে এবং সরাসরি যোগাযোগ করার চেষ্টা করে তার বক্তব্য পাওয়া যায়নি।

জীবননগরে শিকড় সমাজ কল্যাণ সংস্থার উপজেলা কমিটি গঠন

জীবননগরে সেচ্ছাসেবী সংগঠন শিকড় সমাজ কল্যাণ সংস্থার উপজেলা কমিটি গঠন করা হয়েছে।

গতকাল শুক্রবার বিকাল সাড়ে ৩টার সময় জীবননগর পৌর সভার বসতীপাড়ায় সেচ্ছাসেবী সংগঠন শিকড় সমাজ কল্যাণ সংস্থার কাযলয়ে মাসিক আলোচনা সভা শেষে জীবননগর উপজেলা কমিটি গঠন করা হয়।

সকলের সম্মতিক্রমে জীবননগর উপজেলা শাখার সভাপতি তুহিনুজ্জামান, সহ-সভাপতি নিশান, সাধারন সম্পাদক লাবনী আক্তার, যুগ্ন সম্পাদক রমজান আলী, সাংগঠনিক সম্পাদ ঐশ্বয সাহা প্রিয়া, অথ সম্পাদক কবির আল চপল, প্রচার সম্পাদক সাদিয়া, ত্রান বিষায়ক সম্পাদক রিয়াজ, শিক্ষা বিষায়ক সম্পাদক স্বণা, নিবাহী সদস্য মিম, সম্রাট, জাহিদ,

ফরহাদ, বাপ্পি, হাসান, শিলা, ওমর আলী, মুন, সোহাগ।

এ সময় উপস্থিত ছিলেন শিকড় সমাজ কল্যাণ সংস্থার চুয়াডাঙ্গা জেলা কমিটির সভাপতি সাব্বির সামি মুহিত, সহ-সভাপতি চাষী রমজান, সাধারন সম্পাদক মিঠুন মাহমুদ, সদস্য মফিজুল ইসলাম প্রমুখ।

জীবননগরে প্যারামেডিকেল এন্ড টেকনোলজী ফাউন্ডেশনের উপজেলা শাখার উদ্বোধন

জীবননগরে প্যারামেডিকেল এন্ড টেকনোলজী ফাউন্ডেশনের উপজেলা শাখার উদ্বোধন করা হয়েছে।

গতকাল শুক্রবার সকাল ১১টার সময় আনুষ্ঠানিক ভাবে জীবননগর কাজী টাওয়ারের ৩য় তলায় এ শাখা কাযলয়ের উদ্বোধন করা হয়।আব্দুল হান্নানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা পরিষদের সাবেক প্রশাসক মাহফুজুর রহমান মন্জু।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, ডাঃ শাহিনুর হায়দার, সাংবাদিক আব্দুল আওয়াল, সাজেদা খাতুন প্রমুখ।

দর্শনায় দিন ব্যাপী যুব

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

বিতরণ করা হয়। এতে ১৬টি ক্রিকেট দল প্রতিযোগীতায় অংশ নেয়। কাশিপুর গ্রামবাসি টুর্নামেন্টের আয়োজন করে।

নকআউট ভিত্তিতে খেলায় এরআগেই ১৪ টি ক্রিকেট দল প্রতিযোগীতা থেকে ছিটকে পড়ে। ফাইনালে টিকে থাকে স্বাগতিক কাশিপুর স্পোর্টিং ক্লাব ও চুয়াডাঙ্গা চৌধুরীপাড়া স্পোর্টিং ক্লাব। ফাইনালে কাশিপুর স্পোর্টিং ক্লাব টসে জিতে প্রথমে ব্যাট করতে নামে। ওপেনার ব্যাটসম্যান তুহিন ও বিপু অপরাজিত থেকে ১৫৬ রান করেন।

বিপরিতে চুয়াডাঙ্গা চৌধুরীপাড়া স্পোর্টিং ক্লাবের ব্যাটসম্যনরা কাশিপুরের বোলারের সামনে দাঁড়াতেই পারেনি। তারা সবক‘টি উইকেট হাঁরিয়ে ১০৪ রানেই গুটিয়ে যায়। কাশিপুর স্পোর্টিং ক্লাব অনায়াশেই ৫২ রানের বিশাল জয় পেয়ে যায়।

খেলা শেষে ওয়াজেদ আলী হুজুরের সভাপতিত্বে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি থেকে বিজয়ী দলের হাতে পুরস্কার তুলে দেন বেলগাছি ইউনিয়নের গর্বিত সন্তান এএসএম গোলাম সরোয়ার শামীম। তিনি বলেন, পুরো বেলগাছি ইউনিয়নে আমি যুবক ভাইদেরকে খেলাধুলায় উৎসাহিত করে আসছি। মাদককে না বলে খেলাধুলা ও পড়াশোনাকে আলিঙ্গন করতে যা যা করা লাগে আমি সবকিছু করব।

রিপন, সম্রাট, সুমন, ইমতিয়াজ ও মিলনের পরিচালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন আতিয়ার রহমান, শুকুর আলী, রিকাত আলী মণ্ডল, মিহিদুল ইসলাম, মিন্টু বিশ্বাস, মিন্টু মল্লিক, খেদের আলী, আনোয়ার হোসেন, লাল্টু মিয়া ও আনারুল ইসলাম প্রমুখ।

আলমডাঙ্গা উপজেলা প্রশাসনের উদ্যেগে ধর্ষণ ও নারী নির্যাতন বিরোধী র্যালী

দেশে সংঘটিত ধর্ষণসহ নারী ও শিশু নির্যাতন বিরোধী র্যালী করেছে আলমডাঙ্গা উপজেলা প্রশাসন। গতকাল সকাল ১১ টার দিকে উপজেলা

প্রশাসন চত্বর থেকে র্যালীটি শহর প্রদক্ষিণ করে। এতে সরকারী কর্মকর্তা-কর্মচারী, মহিলা অধিদপ্তর, বিভিন্ন এনজিও ও নারী নির্যাতন বিরোধী সামাজিক সংগঠনের নেতৃবৃন্দ অংশ নেন।

নারী নির্যাতন বিরোধী র্যালী শেষে উপজেলা চত্বরে একটি সমাবেশেরও আয়োজ করা হয়। উপজেলা নির্বাহী অফিসার লিটন আলীর সভাপতিত্বে সমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন উপজেলা পরিষদের চেয়ারম্যান আইয়ুব হোসেন। তিনি বলেন, যারা নারীকে নির্যাতন করে তারা কখনও মানুষ হতে পারে না।

এদেরকে রুখতে, ধর্ষণকে রুখতে সরকার ইতোমধ্যে আইন পাশ করেছে। ধর্ষণের মামলায় যাবজ্জীবনের জায়গায় আইন করা হয়েছে মৃত্যুদণ্ড। তিনি বলেন, ইতোমধ্যে এই আইনে রায় দিয়েছেন আদালত। দেশে ধর্ষণের মত জঘন্য অপরাধ কমে আসবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

উপজেলা নির্বাহী অফিসার লিটন আলী বলেন, দেশের মানুষ অন্যায়ের বিরুদ্ধে সোচ্চার হলে অপরাধ কমে যায়। ধর্ষণ ও নারী নির্যাতনের বিরুদ্ধে মানুষ যেভাবে সোচ্চার হয়েছে তাতে ধর্ষকরা কোথাও জায়গা পাবে না। ধর্ষণের মত জঘন্য অপরাধকে সমূলে নির্মূল করতে সরকার কঠোর পদক্ষেপ নিচ্ছে। আইনের যথাযথ প্রয়োগ হচ্ছে।

সমাবেশে উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান এ্যাডভোকেট খন্দকার সালমুন আহমেদ ডন ও উপজেলা আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক ইয়াকুব আলী মাস্টার বক্তব্য রাখেন।

আলমডাঙ্গায় ৩১ টি পূজা মণ্ডপকে ঘিরে কঠোর নিরাপত্তা ব্যবস্থা

আলমডাঙ্গায় সনাতন ধর্মালম্বীদের সর্ববৃহৎ ধর্মীয় উৎসব শারদীয় দূর্গাপূজা গতকাল বৃহস্পতিবার সষ্টমীর মধ্য দিয়ে মণ্ডপে উঠেছে। আজ শুক্রবার সপ্তমী। তবে বৈশ্বিক মহামারী করোনার কারণে এবার দূর্গাপূজা ধর্মীয় রীতি-নীতির আবহের মধ্যে সীমাবদ্ধ থাকবে।